

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সাকিঁট হাউজ রোড, রমনা ঢাকা।
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.২৬৬৬.০০২.১৬.৯৫.১৫-(পার্ট-১) / ৮২২৭

তারিখ : ১৩.১২.২০১৯


বিষয় : ত্বরিত পর্যায়ের জনগণের মতামত সংবলিত ডিসেম্বর-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রেরণ।

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পার্শ্বিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০ টি বিশেষ উদ্যোগ (ব্র্যান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েলেশন কর্মশালা, উন্নত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাত্মক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকাণ্ডের উপর উদ্বৃদ্ধির বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকাণ্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে ডিসেম্বর-২০১৯ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযোজনী : প্রতিবেদন এক পৃষ্ঠ।


(মোঃ জাকির হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ৮৩০০৬৪০।

dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিতরণঃ

০১। উপসচিব (তগ-২), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা। (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

ডিসেম্বর-২০১৯ (১ম পক্ষ)

● জনমত শিরোনাম

- অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার অঙ্গীকার নিয়ে যথাযথভাবে শহিদ
বৃদ্ধিজীবী দিবস পালিত
- আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা কৃষকের
- পিঁয়াজসহ নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের
হস্তক্ষেপ কামনা
- সারাদেশে ধীরে ধীরে শীতের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় ঠান্ডাজনিত রোগীর
সংখ্যা বৃদ্ধি পাচ্ছে
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে
কর্তৃপক্ষের কঠোর অবস্থান অব্যাহত রাখার অভিমত জনসাধারণের



চলমান পাতা - ২

**❑ অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার অঙ্গীকার নিয়ে যথাযথভাবে শহিদ
বুদ্ধিজীবী দিবস পালিত**

- উন্নত সমৃদ্ধ অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার প্রত্যয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস। একই সঙ্গে মুক্তিযুদ্ধে পাকিস্তানি বাহিনীর চালানো গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের দাবি এসেছে দিবসটিতে। সেই সঙ্গে বিদেশে থাকা বুদ্ধিজীবী হত্যাকারীদের দেশে ফিরিয়ে এনে বিচারের রায় দ্রুত কার্যকর করার দাবি জানানো হয়েছে।

- ১৪ ডিসেম্বর বিন্দু শ্রদ্ধায় নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতির শ্রেষ্ঠ সত্তানদের স্মরণ করে দেশবাসী। শহিদ বুদ্ধিজীবী দিবসের কার্যক্রম শুরু হয় সকাল থেকে। শহিদদের স্মরণে নির্মিত স্মৃতিসৌধে পুস্পক্ষেপক অর্পণ, আলোচনা সভা, শহিদদের স্মরণে মোমবাতি প্রজ্ঞালন, শোক র্যালি, শ্রদ্ধা নিবেদন, মিলাদ ও দোয়া মাহফিলসহ বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়। সকালে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শহিদদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়।

❑ আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা কৃষকের

- চলতি আমন মৌসুমে ধানের ন্যায্যমূল্য পাওয়ার প্রত্যাশা ব্যক্ত করেছে কৃষকসমাজ। কৃষক যাতে ধানের ন্যায্যমূল্য পায় সেজন্য সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। সরাসরি কৃষকের কাছ থেকে সরকারের বিপুল পরিমাণ ধান কেনার ঘোষণায় কৃষক আশাবিত্ত হয়েছে। এতে মধ্যস্থত্বভূগী, ফড়িয়াদের দৌরাত্য কমে যাবে বলে তারা প্রত্যাশা করছে।

**❑ পিঁয়াজসহ নিত্যপণ্যের বাজার নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের
হস্তক্ষেপ কামনা।**

- সাধারণ মানুষ পিঁয়াজের বাজার নিয়ন্ত্রণে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্রুত হস্তক্ষেপ কামনা করেছে। অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে কৃত্রিমভাবে দাম বাড়ানোর অভিযোগ রয়েছে। এছাড়া, মজুদ ঘাটতির কারণে হঠাত চাহিদা বেড়ে যাওয়ায় পিঁয়াজের বাজার নিয়ন্ত্রণহীন হয়েছে বলে মনে করছেন জনগণ।

চলমান পাতা-৩

□ সারাদেশে ধীরে ধীরে শীতের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় ঠান্ডাজনিত রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

- শীতের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় শীতজনিত নানা রোগ ছড়িয়ে পড়ছে। প্রতিদিন শিশুসহ বিভিন্ন বয়সের মানুষ শ্বাসকষ্ট, নিউমোনিয়াসহ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছে। আক্রান্তদের মধ্যে অনেককে হাসপাতাল ও স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা দেয়া হচ্ছে। বায়ু দূষণ ও ধূলাবালির কারণে রাজধানীতে শ্বাসকষ্টজনিত রোগ বাঢ়ছে। বিশেষ করে শিশুরা সর্দি, কাশি, নিউমোনিয়া ইত্যাদি রোগে আক্রান্ত হচ্ছে।

□ আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে কর্তৃপক্ষের কঠোর অবস্থান অব্যাহত রাখার অভিমত জনসাধারণের

- সার্বিকভাবে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক বলে জনমত ও প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশ প্রশাসন কঠোর অবস্থান গ্রহণ করেছে এবং বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। মাদকের ভয়াবহতা প্রতিরোধে আইনশৃঙ্খলা বাহিনীকে কঠোর অবস্থান অব্যাহত রাখতে সকল শ্রেণি-পেশার জনগণ আহ্বান জানিয়েছেন।

তৈয়ব/হাচিনা/গুকলা/রীনা/প্রতিমা



১৬/১২/১৯

শুকলা বনিক
অর্থ ও ড্রুমেটেশন অফিসার (অ.দা.)
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার